



ছাত্রা রাজনৈতিক দলের সাথে জড়িয়ে পড়ুক তা চাই না — প্রেসিডেন্ট

13

প্রেসিডেন্ট এরশাদ বলেছেন, সরকার এবং জনগণ সামগ্রিকভাবেই চান না যে, ছাত্রা কোনো রাজনৈতিক দলের সাথে জড়িয়ে পড়ুক/ কিংবা কেউ তাদেরকে রাজনৈতিক উদ্দেশ্য হিসিলের কাজে ব্যবহার করুক। তিনি বলেন, প্রতিটি নাগরিকই রাজনীতি সম্পর্কে কিছু জানেন। কিন্তু ছাত্রজীবন সক্রিয় রাজনীতিতে জড়িয়ে পড়ার জন্য নয়; কারণ এতে করে তারা তাদের অভিভাবক এবং

জাতিকে হতাশা আর আক্ষেপের মধ্যে নিষ্ক্ষেপ করবে। খবর বাসস'র। প্রেসিডেন্ট চৌদ্দগ্রাম কলেজের অভিভাবক, শিক্ষক ও ছাত্রদের উদ্দেশ্যে গতকাল বক্তৃতা দিচ্ছিলেন। তারা গত ১৭ নভেম্বরে চৌদ্দগ্রাম কলেজের ছাত্রদের অশোভন আচরণের জন্য দুঃখ প্রকাশ করতে এবং মাফ চাইতে ঢাকা আসেন। চৌদ্দগ্রাম কলেজকে জাতীয়করণ শেষ, পৃঃ ২-এর কঃ দেখুন

প্রেসিডেন্ট

প্রথম পৃষ্ঠার পর করার দাবীতে কলেজের ছাত্রা হরতাল করে। হরতালের সময় তারা একটি বাস ও সরকারী সম্পত্তির ক্ষতিসাধন করে এবং ঢাকা-চট্টগ্রাম সড়কে পথচারীদের নাজেহাল করে। এই ঘটনার পর সরকার কলেজটির সরকারী মঞ্জুরী সাময়িকভাবে বাতিল করে এবং কলেজটি বন্ধ করে দেয়। প্রেসিডেন্ট বলেন, ছাত্র এবং ছাত্র সংগঠনসমূহের উদ্দেশ্য হবে নিয়মিত জ্ঞান অন্বেষণ করা, সৃষ্টি শিক্ষা পরিবেশ বজায় রাখা, শিক্ষার মান সম্প্রসারণের প্রতি যত্নবান হওয়া এবং প্রতিভার বিকাশে সাহায্য করা। এই প্রসঙ্গে তিনি জাতীয় সংসদ কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠান ও ইউনিভার্সিটি ক্যাম্পাসসমূহকে অস্ত্রমুক্ত করা এবং জ্ঞান আহরণের অপ্রতিহত প্রয়াসের অনুকূল শিক্ষা পরিবেশ বজায় রাখার জন্য সর্বসম্মতভাবে প্রস্তাব পাস করাকে অভিনন্দিত করেন।